Department of Education
Chancellor Richard A. Carranza

2 মার্চ, 2021

প্রিয় পরিবারবর্গ,

গত শুক্রবার, আমি অবহিত করেছি যে এই মাসের পরবর্তী এক সময় পদত্যাগ করছি, এবং DOE-তে 20 বছর যাবৎ চাকুরীরত, ব্রংক্সের বর্তমান এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট মিশা পোর্টার (Meisha Porter)-এর কাছে এই সম্মান ও দায়িত্বভার দিয়ে যাচ্ছি। এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট হিসেবে পোর্টার (Porter) এবং আমি যখন এই উত্তরণে একযোগে কাজ করছি, আমি এই আসন্ন কয়েক সপ্তাহে কিছু গুরুত্বপূর্ণ সুযোগ সম্পর্কে আপনি অবহিত আছেন তা নিশ্চিত করতে চাই।

প্রথমত, আমাদের মিডল্ স্কুলগুলো সশরীরে শিক্ষার জন্য অবশেষে পুনরায় খুলতে পেরেছি, সেজন্য আমি অসম্ভব আনন্দিত। এই মাইলফলকটি আমি প্রত্যাশা করছিলাম এবং আমি অত্যন্ত আনন্দের সাথে মিডল্ স্কুলগুলো পরিদর্শন করে সুস্থ, নিরাপদ, এবং সহায়ক ক্লাসরুমগুলোতে আমাদের শিক্ষার্থী ও শিক্ষকদের কঠোর পরিশ্রম করতে দেখেছি। আমাদের এলিমেন্টারি গ্রেডগুলোর মতই, সকল মিডল্ স্কুলগুলোতে 20 শতাংশ শিক্ষার্থী ও স্টাফদের এলোমেলোভাবে বেছে নিয়ে সাপ্তাহিক ভিত্তিতে পরীক্ষণ বা টেস্টিং করা হবে। আমাদের এলিমেন্টারি গ্রেডগুলোর মতই, মিডল্ স্কুল শিক্ষার্থীদেরও অবশ্যই সশরীরে শিক্ষার জন্য সময়সূচিকৃত প্রথম দিন COVID-19 পরীক্ষা বা টেস্টিংয়ের জন্য সম্মতি পত্র জমা দিতে হবে। আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এর মাধ্যমে mystudent.nyc এটা করতে পারবেন।

আমাদের হাই স্কুলগুলো যত শীঘ্রই সম্ভব পুনরায় খোলার জন্য আমরা সকলে একযোগে কাজ করছি।আমরা সকল নিরাপত্তামূলক সাবধানতা গ্রহণ করেছি তা নিশ্চিত করা অব্যাহতভাবে আমাদের প্রধান লক্ষ্য হিসেবে থাকবে, এবং শীঘ্রই একটি সময়রেখা ঘোষণা করবো।

আমরা যখন শিক্ষা বছরের শেষ কয়েক মাসের দিকে অগ্রসর হচ্ছি, আপনাদের ও আপনাদের সন্তানদের আরো সহায়তা করার জন্য আমি কিছু প্রোগ্রাম ও সুযোগসমূহ আনন্দের সাথে অফার করছি। পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে, আপনি উল্লিখিত বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য ও রিসোর্স পাবেন:

- প্যারেন্ট টিচার কনফারেন্সের জন্য প্রস্তুতি গ্রহণ
- ফল (হেমন্ত) 2021-এ প্রি-K ও 3-K-এর জন্য আবেদন করা
- পরিবার ও কমিউনিটিগুলোর জন্য "উইকেন্ড ওয়েলনেস" কর্মকাণ্ডে অংশগ্রহণ

আমরা সকলেই মহামারীর কারণে সৃষ্ট অবসাদ অনুভব করছি তা আমি অনুধাবন করি, কিন্তু আমাদের শিক্ষার্থীরা যে সফলতা অর্জন করছে—উভয় সশরীরে ও দূর থেকে (রিমোটভাবে)—সেটা যখন আমি দেখি, তা বিগত 11 মাসে আমরা সকলে কেন কঠোর পরিশ্রম করেছি তা আমাকে মনে করিয়ে দেয়। আমি যখন দেশের সবচেয়ে উদ্ভাবনী স্কুল সিস্টেমের নেতৃত্ব গ্রহণ করেছি তখন আমার অঙ্গীকার যা ছিল এখনও তাই আছে: ডিপার্টমেন্ট অভ এডুকেশনের আমরা সকলে যতটুকু সম্ভব নিরাপদ পরিবেশে, আমাদের সকল শিক্ষার্থীদের সর্বোচ্চ সম্ভব শিক্ষা অব্যাহতভাবে প্রদান করবো।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য, 2 মার্চ, 2021

প্যারেন্ট টিচার কনফারেন্সের জন্য প্রস্তুতি গ্রহণ

বুধবার, 3 মার্চ, থেকে শুরু করে, পাঁচ বরোর পাবলিক স্কুলগুলো এই বছরের দ্বিতীয় দফা দূর থেকে বা রিমোটভাবে প্যারেন্ট টিচার কনফারেন্স আয়োজন করবে। উভয়পক্ষের সুবিধামত সময়ে একটি বৈঠক বা কনফারেন্স সময়সূচি করার জন্য আপনার সন্তানের শিক্ষক আপনার সাথে কাজ করবেন। আপনার সন্তানের স্কুলে বিকেলের কনফারেন্সগুলোর তারিখে তাকে তিন ঘন্টা আগে ছুটি দেয়া হবে।

প্যারেন্ট টিচার কনফারেন্সগুলো পরিবারদের তাদের সন্তানদের স্কুলের অভিজ্ঞতা ও শিক্ষা সম্পর্কে শিক্ষকদের সাথে আলাপ করার চমৎকার সুযোগ প্রদান করে। এই সংক্ষিপ্ত মিটিংগুলো শিক্ষার্থীদের শ্রেণীকক্ষের বাহিরে কীভাবে সহায়তা করা যায় সেবিষয়েও পরিবার ও শিক্ষকদের আলাপ করার সুযোগ প্রদান করে।

আমরা যখন শিক্ষা বছরের শেষ মাসগুলোর দিকে অগ্রসর হচ্ছি, আপনার সন্তান স্কুলে যেসব চ্যালেঞ্জ বা উদ্বেগের মুখোমুখি হতে পারে সেগুলোর প্রতি মনোনিবেশ করতে এই সময়টি ব্যবহার করতে আমরা আপনাকে উৎসাহিত করছি।

বসন্ত বা স্প্রিং কনফারেন্সের সময়সূচি নিচে দেয়া হলো:

- 3 মার্চ: এলিমেন্টারি এবং K–8 স্কুলগুলো, বিকালের কনফারেন্সসমূহ
- 4 মার্চ: এলিমেন্টারি এবং K–8 স্কুলগুলো, দুপুরের কনফারেন্সসমূহ
- 10 মার্চ: মিডল্ স্কুল এবং D75 স্কুল ও প্রোগ্রামগুলো, বিকালের কনফারেন্সসমূহ
- 11 মার্চ: মিডল্ স্কুল এবং D75 স্কুল ও প্রোগ্রামগুলো, দুপুরের কনফারেন্সসমূহ
- 18 মার্চ: হাই স্কুল, K–12, এবং 6–12 স্কুলগুলো, বিকালের কনফারেন্সসমূহ
- 19 মার্চ: হাই স্কুল, K–12, এবং 6–12 স্কুলগুলো, অপরাহ্ণের কনফারেন্সসমূহ

অনুগ্রহ করে লক্ষ্য করুন:

- স্কুল ও গ্রেড স্তর অনুযায়ী এই তারিখ ও সময়গুলোতে তারতম্য হতে পারে। এই মাসে আপনার স্কুলের কনফারেন্সের তারিখ ও সময় নিশ্চিত করতে আপনার সন্তানের শিক্ষক অথবা আপনার স্কুলের অ্যাডমিনিস্ট্রেটরের সাথে যোগাযোগ করার জন্য আমরা সুপারিশ করছি।

প্যারেন্ট টিচার কনফারেন্স কীভাবে সর্বোচ্চ ফলপ্রসূ করা যায় সেই পরামর্শগুলোর জন্য, schools.nyc.gov/ptc, অথবা DOE-এর অফিশিয়াল ব্লগ, দ্যা মর্নি বেল (The Morning Bell) দেখুন।

আপনার যদি প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হয়, তবে প্যারেন্ট টিচার কনফারেন্সে অংশগ্রহণ করতে কীভাবে মাইক্রোসফট্ টিমস্, ট্রান্সলেটর, এবং অ্যাক্সেসিবিলিটি টুলগুলোর ব্যবহার করতে হবে তা সহ বিভিন্ন বিষয়ে বিনামূল্যে কোর্স প্রদান করে। সেখানে, আপনি বিভিন্ন বিষয়ের উপর গুগল ভিডিও পাবেন, যেমন একটি ক্যালেন্ডার ইনভাইট থেকে কীভাবে গুগল মিটস্ (Google Meets)-এ অংশগ্রহণ করা যায়, এবং গুগল মিটস্ (Google Meets)-এ কীভাবে ক্যাপশন ও চ্যাটগুলো অনুবাদ করা যায়। আরো কিছুর জন্য parent.schools.nyc -সাইটে প্যারেন্ট ইউনিভার্সিটি দেখুন।

ফল (হেমন্ত) 2021-এ প্রি-K ও 3-K-এর জন্য আবেদন করা

যেসব ছেলেমেয়ে 3-K এবং প্রি-K ফর অল-এ অংশগ্রহণ করে, তারা দৃঢ়ভাবে স্কুল ও জীবন শুরু করে। তারা সমস্যা সমাধান, প্রশ্ন জিজ্ঞাসা, এবং তাদের চারপাশের জগৎ অন্বেষণ করতে শেখে। 3-K এবং প্রি-K ফর অল প্রোগ্রামগুলো NYC জুড়ে ছেলেমেয়েদের অন্য যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি নিরাপদ, যত্নশীল শিক্ষা কমিউনিটি প্রদানে প্রস্তুত আছে।

Department of Education
Chancellor Richard A. Carranza

2021– 2022 শিক্ষা বছরের জন্য প্রি-K ফর অল-এর আবেদন এখন উন্মুক্ত, এবং আবেদনের শেষে সময়সীমা হচ্ছে **7 এপ্রিল, 2021** । যেসকল নিউ ইয়র্ক সিটির পরিবারে 2017 সালে জন্মগ্রহণকারী শিশু রয়েছে তারা আবেদন করতে পারবে। প্রতিটি চার বছর বয়সীর জন্য একটি প্রি-K আসন রয়েছে; আপনার পছন্দসই একটি প্রোগ্রামে আপনার একটি অফার পাবার সর্বোচ্চ সম্ভাবনার জন্য একটি আবেদনপত্র জমা দিন। schools.nyc.gov/prek -সাইটে আরো জানুন।

2021– 2022 শিক্ষা বছরের জন্য 3-K ফর অল-এর আবেদনও এখন উন্মুক্ত, এবং আবেদনের শেষে সময়সীমা হচ্ছে **30 এপ্রিল, 2021** । যেসকল নিউ ইয়র্ক সিটির পরিবারে 2018 সালে জন্মগ্রহণকারী শিশু রয়েছে তারা আবেদন করতে পারবে। schools.nyc.gov/3K -সাইটে আরো জানুন।

- 2021-এর ফল-এ (হেমন্তে), 3-K ফর অল প্রোগ্রামগুলো ডিস্ট্রিক্ট 1, 4, 5, এবং 6 (ম্যানহ্যাটন); 7, 8, 9, এবং 12 (ব্রংক্স); 14, 16, 19, 23, এবং 32 (ব্রুকলিন); 27 এবং 29 (কুইন্স); এবং 31 (স্ট্যাটেন আইল্যান্ড)-এ অফার করা হবে। যেসব ছেলেমেয়ে 3-K ডিস্ট্রিক্টগুলোতে বসবাস করে তারা প্রাধান্য পাবে, কিন্তু যেকোনো ডিস্ট্রিক্ট থেকে পরিবারেরা আবেদন করতে স্বাগত (আপনার স্কুল ডিস্ট্রিক্ট কোন্‌টি তা 311 নম্বরে ফোন করে অথবা schools.nyc.gov/Find-a-School -ওয়েবসাইটটিতে জেনে নিতে পারেন)।

- প্রত্যেকটি স্কুল ডিস্ট্রিক্টে, আয় ও চাহিদা অনুযায়ী যোগ্য পরিবারদের জন্য 3-K প্রোগ্রামসমূহ লভ্য রয়েছে। হেড স্টার্ট সহ, এই প্রোগ্রামগুলো, বিনামূল্যের অথবা স্বল্প মূল্যের এবং দৈনিক সর্বোচ্চ 10 ঘন্টা পর্যন্ত সারা বছর পরিষেবা অফার করে।

দুটি পদ্ধতির যেকোনো একটিতে আপনি 3-K বা প্রি-K-তে আবেদন করতে পারেন:

- **MySchools.nyc -এর মাধ্যমে অনলাইনে।** এই অপশনটি ইংরেজি, আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু ভাষায় প্রতিদিন 24 ঘণ্টা, সপ্তাহের 7 দিনই খোলা আছে।
- **ফোনে 718-935-2009 নম্বরে**। সোমবার থেকে শুক্রবার, 8am – 6pm সময়ের মাঝে আমাদের ফোন করুন। 200-টির বেশি ভাষায় ফোনে ভাষাগত সহায়তা রয়েছে।

পরিবারদের জন্য ওইকেন্ড ওয়েলনেস্-এ অংশগ্রহণ

ওইকেন্ড ওয়েলনেস: সেলফ্ কেয়ার ফর কমিউনিটি অ্যান্ড ফ্যামিলিজ্ নামক একটি ফ্রি, তিন-পর্বের, মাসিক শনিবার সকালের ধারাবাহিক অনুষ্ঠানে জন্য অফিস অভ স্কুল ওয়েলনেস প্রোগ্রামস্, হিপ হপ পাবলিক হেলথ্-এর (hhph.org) সাথে অংশীদারিত্ব করছে। এই শনিবার সকালের অনুষ্ঠানগুলোতে 10:30 a.m. থেকে 11:30 a.m. পর্যন্ত অংশগ্রহণ করতে আমরা সবাইকে উৎসাহিত করছি:

- **20 মার্চ:** মানসিক স্বাস্থ্য এবং শারীরিক কর্মকাণ্ড
- **24 এপ্রিল:** বর্ণবাদ এবং স্বাস্থ্য/উদ্বেগের সাথে সম্পর্ক

আরো তথ্য এবং এই অনুষ্ঠানগুলোতে রেজিস্টার করার জন্য, ভিজিট করুন conta.cc/3u8lqOU.